

চালু হলো বাংলা টিটিএস 'কথা' এবং বাংলা ওসিআর সফটওয়্যার

কম্পিউটারে বাংলা লেখা থেকে কথা (স্ট্রকট টু স্পিস-টিটিএস) ও বাংলা অপটিক্যাল ক্যারেক্টার রিকগনিশন (ওসিআর) প্রকাশিত হয়েছে। কানাডিয়ান ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট রিসার্চ করপোরেশনের (আইডিআরসি) আর্থিক সহায়তায় ঢাকার ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর রিসার্চ অন বাংলা ল্যাঙ্গুয়েজ প্রসেসিংয়ের (সিআরবিএলপি) এ দুটি সফটওয়্যার সম্প্রতি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করেছে। ২০০৪ সাল থেকে বাংলা ভাষা নিয়ে সিআরবিএলপি কাজ করছে। কম্পিউটারের নানান রকম ব্যবহারে বাংলাকে যুক্ত ও সহজ করতে সফটওয়্যার দুটি তৈরি করা হয়েছে। বাংলা লেখা পড়ে শোনানোর জন্য টিটিএস সফটওয়্যার তৈরি করা হয়েছে, যা নিরক্ষর এবং দৃষ্টিপ্রতিবন্ধী মানুষের ক্ষেত্রে কম্পিউটার ব্যবহার সহজতর হবে। টিটিএস সফটওয়্যারটির নাম দেওয়া হয়েছে 'কথা', যা পূর্ণাঙ্গ একটি বাংলা সফটওয়্যার। বাংলা ওসিআর সফটওয়্যারটি ছাপানো নথি, প্রিন্ট করা লেখা বা ডকুমেন্ট থেকে ইউনিকোড ফন্টে রূপান্তর করতে সাহায্য করবে এবং এ সফটওয়্যার দিয়ে যেকোনো বাংলা নথির (বেই, সংবাদপত্র ইত্যাদি) স্ক্যান করা ছবি থেকে কম্পিউটারে সম্পাদনা করার উপযোগী লেখায় (স্ট্রকট ফরম্যাট) রূপান্তর করা যায়। সফটওয়্যার দুটো সম্পর্কে সিআরবিএলপির প্রধান এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মুমিত খান বলেন, 'সাধারণ মানুষকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) মধ্যে নিয়ে আসতে বাংলার ব্যবহার বাড়তে হবে। এ লক্ষ্যকে সামনে রেখে আমরা এ ধরনের সফটওয়্যার তৈরি করছি। যাতে আইসিটিতে সহজে বাংলা ব্যবহার সম্ভব হয়।' স্ট্রকট টু স্পিস (টিটিএস) সফটওয়্যারটি অন্য অনেক ভাষায় থাকলেও বাংলায় এটাই প্রথম। কথা সফটওয়্যারটি তৈরি করেছেন ফিরোজ আলম এবং মুর্তজা হাবিব। বাংলার জন্য ওসিআর ইতিপূর্বে প্রকাশ করা হলেও আগের যেকোনো ওসিআরের তুলনায় নতুন এই বাংলা ওসিআরের কার্যক্ষমতা অনেক বেশি। বাংলা ওসিআর সফটওয়্যারটি তৈরি করেছেন মো. আবুল হাসনাত ও মুত্তাকিনুর রহমান চৌধুরী। এ সফটওয়্যার দুটি মুক্ত সফটওয়্যারের অধীনে সবার জন্য উন্মুক্ত। টিটিএস এবং ওসিআর সফটওয়্যার দুটি লিনাক্স, উইন্ডোজ এবং ম্যাক ওএসএক্স অপারেটিং সিস্টেমে কাজ করবে। টিটিএস সফটওয়্যারের ওয়েব ঠিকানা: www.bracu.ac.bd/research.crbp/demo/tts। -নুরুন্নবী হাছিব

URL : http://www.prothom-alo.com/archive/print.php?dt=2009-03-09&issue_id=1214&t=m&nid=MTQ1MDk4